



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)



শোকবার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা, একুশে পদকপ্রাপ্ত গবেষক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের ইমেরিটাস অধ্যাপক ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর সাবেক প্রধান বিচারপতি মাইনুর রেজা চৌধুরীর সহধর্মিণী ড. নাজমা চৌধুরী আজ রবিবার (৮ আগস্ট) সকাল সাড়ে ৮টায় রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর এই অকাল মৃত্যুতে ব্লাস্ট পরিবার গভীরভাবে শোকাহত।

শিক্ষাবিদ অধ্যাপক নাজমা চৌধুরী ১৯৪২ সালের ২৬শে ফেব্রুয়ারি সিলেটে জন্ম গ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করার পর ১৯৬৩ সালে সেখানেই কর্মজীবন শুরু করেন। পরে কমনওয়েলথ স্কলারশিপ নিয়ে ইউনিভার্সিটি অফ লন্ডন থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগ প্রতিষ্ঠায় এবং দেশের নারীশিক্ষা ও নারী অধিকার আদায়ে তিনি অনন্য অবদান রেখেছেন। শিক্ষা ও গবেষণায় অসাধারণ অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

আমরা বরণ্য এই গুণী শিক্ষাবিদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে

বিচারপতি মোঃ নিজামুল হক
বিচারপতি (অবসরপ্রাপ্ত), আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং
মূখ্য আইন উপদেষ্টা, ব্লাস্ট